

আত্মহত্যার বর্ষপূর্তি

আনিসুর রহমান



নিজের গায়ে আগুন দিয়ে প্রতিবাদ! কি ভয়াবহ ব্যাপার! দেশের পরিস্থিতি কোন পর্যায়ে গেলে মানুষ এমন কাজ করতে পারে! গত এক বছর ধরে আরব বিশ্বে যে আগুন জ্বলছে তার শুরু হয়েছিল তিউনিশিয়ায়, এক যুবকের শরীর থেকে। নিজের গায়ে আগুন ধরিয়ে সে দুঃশাসন, বেকারত্ব আর হতাশার প্রতিকার করতে চেয়েছিল। এই যুবকের নাম মুহম্মদ বুআজিজি। পিতৃহীন সংসারে মা আর ভাই-বোনদের দায়িত্ব কাধে নিয়ে পথে পথে ফেরি করে বেড়াতো বুআজিজি। শিক্ষিত বেকার যুবক কোন রকমে চালাতো টানাটানির সংসার। স্বেচ্ছাচারী সরকারের পুলিশি নির্যাতন আর জীবিকা অর্জনের শেষ সম্বল খুইয়ে দিশেহারা বুআজিজি বেছে নেয় মৃত্যুর পথ।

আফ্রিকা মহাদেশের উত্তরে, ভূমধ্যসাগরের কোল ঘেঁসে তিউনিশিয়া আয়তনে বাংলাদেশের সমানই হবে; হয়তো সামান্য বড়। বাংলাদেশে প্রতি বর্গ কিলোমিটারে বসবাসকারী মানুষের সংখ্যা হাজারের ওপরে; তিউনিশিয়ায় মাত্র তেঁষটি জন। অর্থাৎ জনসংখ্যার চাপ নেই। গড় মাথাপিছু আয় আমাদের চেয়ে প্রায় ছয়গুণ বেশী। তাহলে কি এমন অবস্থা বিরাজ করছিল সে দেশে যে এক তরুণ নিজেকে পুড়িয়ে সারা দেশে জ্বলে দিয়েছে বিপ্লবের আগুন! দেশের ভেতর সীমাবদ্ধ থাকেনি সে আগুন - ছড়িয়ে গেছে আরব বিশ্বে। তিউনিশিয়া থেকে মিসর, লিবিয়া, ইয়েমেন, সিরিয়া!

১৯৫৬ সালে তিউনিশিয়া ফ্রান্সের কাছ থেকে স্বাধীনতা লাভ করে। বিপ্লবী নেতা হাবিব বুরগিবা নির্বাচিত হন প্রজাতন্ত্রের প্রথম প্রেসিডেন্ট। তিরিশ বছর ক্ষমতায় ছিলেন তিনি। ১৯৮৭ সালে তাকে সরিয়ে দেশের সর্বময় ক্ষমতা দখল করেন তারই প্রধানমন্ত্রী এল আবিদিন বেন আলী। ১৯৮৭ থেকে ২০১১, একটানা ২৩ বছর ক্ষমতায় থাকার পর ব্যাপক গণ আন্দোলনের মুখে ১৪ই জানুয়ারী ২০১১ দেশে থেকে পালিয়ে যেতে বাধ্য হন তিনি। মানুষের গণতান্ত্রিক অধিকার খর্ব করে, বাকস্বাধীনতা রোধ করে দীর্ঘদিন ক্ষমতায় টিকে থাকা যায় সত্যি কিন্তু দেশের ভেতর ধুমায়িত হতে থাকে অসন্তোষ। দরকার শুধু একটি মাত্র স্ফুলিঙ্গ। বাংলাদেশে সেই স্ফুলিঙ্গের নাম নূর হোসেন, তিউনিশিয়ায় মুহম্মদ বুআজিজি।



গতকাল, ১৭ই ডিসেম্বর ২০১১, তিউনিশিয়ার সিদি বুজিদ শহরে হাজার হাজার মানুষ একত্রিত হয়েছিল মুহম্মদ বুআজিজি প্রথম মৃত্যু বার্ষিকী উপলক্ষে। তার স্মৃতির স্বরণে উন্মোচন করা হয়েছে একটি ভাস্কর্য। যে ঠেলাগাড়িতে করে বুআজিজি পথে পথে শাকসজ্জি এবং ফলমূল বিক্রী করতো তার আকৃতিতে নির্মিত এই ভাস্কর্য। একটি ঠেলাগাড়ি

গতকাল পরিনত হলো সুশাসন দাবির প্রতিকে। যুগ যুগ ধরে এ প্রতিক আমাদের স্মরণ করিয়ে দেবে - জনগনই ক্ষমতার উৎস! মানুষের জন্য সরকার, সরকারের জন্য মানুষ নয়!